

REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA

Date: 14-04-2025

Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN

---

Headlines :

- (১) ভারতীয় সংবিধানের প্রধান স্থপতি ডঃ বি আর আম্বেদকর এর জন্মজয়ন্তী সারাদেশে যথাযথ মর্যাদায় উদযাপন করা হচ্ছে।
- (২) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, তিনটি নতুন ফৌজদারি আইন একবিংশ শতাব্দীর বৃহত্তম সংস্কার।
- (৩) আজ চৈত্র সংক্রান্তি। বর্ষবিদায়। আগামীকাল বাংলা নববর্ষ উদযাপনের জন্য প্রস্তুতি চলছে।
- (৪) প্রয়াত হলেন আগরতলা দূরদর্শনের বার্তা বিভাগের প্রাক্তন প্রধান পার্থ ঘোষ।

\*\*\*\*\*

**Ambedkar-National:**

ভারতীয় সংবিধানের প্রধান স্থপতি ডঃ বি আর আম্বেদকর এর জন্মজয়ন্তী সারাদেশে যথাযথ মর্যাদায় উদযাপন করা হচ্ছে। এ উপলক্ষে নয়াদিল্লী সহ দেশের বিভিন্ন স্থানে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি জগদীপ ধনখর, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, লোকসভার স্পিকার ওম বিড়লা, রাজ্যসভার ডেপুটি চেয়ারম্যান হরিবংশ, কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জেপি নাড্ডা, রাজ্যসভার বিরোধীদলীয় নেতা মল্লিকার্জুন খার্গে, লোকসভার বিরোধীদল নেতা রাহুল গান্ধী আজ নয়াদিল্লীতে সংসদ ভবন প্রাঙ্গণে ডক্টর বি আর আম্বেদকরের মূর্তিতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন।

\*\*\*\*\*

**PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ হরিয়ানায় হিসার বিমানবন্দরের নতুন টার্মিনাল ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং অযোধ্যার উদ্দেশ্যে বিমানের সূচনা করেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ড: বাবা সাহেব আশ্বেদকরের প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন, তিনি ছিলেন দলিত, প্রান্তিক এবং পিছিয়ে পড়া সম্প্রদায়ের জন্য দীপাবলির মত । গত ১১ বছর ধরে বাবাসাহেবের জীবন, তাঁর সংগ্রাম এবং তাঁর কালজয়ী বাণী সরকারের যাত্রার পথ সুগম করেছে।

প্রধানমন্ত্রী শ্রী মোদী বিকশিত ভারত গড়ার লক্ষ্যে ড: বাবাসাহেব আশ্বেদকরের আদর্শ অনুসরণ করার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন।

#####BYTE PM#####

\*\*\*\*\*

**CM - Ambedkar:**

সংবিধান প্রণেতা ড: বি আর আশ্বেদকরের ১৩৫তম জন্মজয়ন্তী আজ রাজ্যের সর্বত্র যথাযথ মর্যাদায় উদযাপন করা হয়। আগরতলার উজ্জয়ন্ত প্রাসাদ প্রাঙ্গণে ড: আশ্বেদকরের মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। তপশিলি জাতি কল্যাণ দপ্তর আয়োজিত এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, ড: আশ্বেদকরের মতো দার্শনিক, অর্থনীতিবিদ, সমাজ সংস্কারক ও স্বাধীনতা সংগ্রামী দেশে বিরল।

#####BYTE CM#####

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তপশিলি জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস তপশিলি জাতিভুক্তদের জন্য গৃহীত বিভিন্ন উদ্যোগের কথা উল্লেখ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক দীপক মজুমদার, কিশোর বর্মণ, মীনা রানী সরকার প্রমুখ।

\*\*\*\*\*

### **Ambedkar– Sepahijala:**

আজ কমলাসাগর বিধানসভা কেন্দ্রের অধীন ডঃ বি আর আম্বেদকরের আদর্শ উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে আম্বেদকর জন্মজয়ন্তী উদযাপন অনুষ্ঠানে অংশ নেন সাংসদ বিপ্লব কুমার দেব। বিজেপি কমলাসাগর মন্ডল কমিটি আয়োজিত এই অনুষ্ঠানে শ্রী দেব সংবিধানের প্রতি সবাইকে শ্রদ্ধাশীল হবার আবেদন রাখেন। উপস্থিত ছিলেন বিধায়ক অন্তরা সরকার দেব, সুশান্ত দেব, সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত।

\*\*\*\*\*

### **Ambedkar–Unakoti:**

বি,জে,পি'র তপশিলী জাতি মোর্চার উদ্যোগে কৈলাশহরের দুর্গাপুরে সংবিধান প্রণেতা ডক্টর বি আর আম্বেদকরের জন্মজয়ন্তী উপলক্ষে আজ এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন শ্রমমন্ত্রী টিংকু রায়, বি,জে,পি'র জেলা সভাপতি বিমল কর, তপশিলী মোর্চার রাজ্য নেতা মিলন কান্তি দাস প্রমুখ।

\*\*\*\*\*

### **Ambedkar–South:**

ত্রিপুরা তপশিলি জাতি সমন্বয় সমিতির উদ্যোগে দক্ষিণ ত্রিপুরা রাজনগর ও গৌরাঙ্গবাজারে আয়োজিত অনুষ্ঠানে আম্বেদকরের প্রতিকৃতিতে শ্রদ্ধা জানান। প্রাক্তন বিধায়ক সুধন দাসও অন্যান্য নেতৃবৃন্দ।

\*\*\*\*\*

### **Ambedkar–Seminar:**

আগরতলার হাঁপানিয়ায় যুব সামাজিক সংস্থা উদ্যোগে ড. বি আর আম্বেদকরের জন্মজয়ন্তী উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন সংস্থার চেয়ারম্যান বিশ্বনাথ সরকার।

\*\*\*\*\*

## Amit Shah:

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, তিনটি নতুন ফৌজদারি আইন একবিংশ শতাব্দীর বৃহত্তম সংস্কার। আজ নতুনদিল্লিতে অল ইন্ডিয়া ফরেনসিক সায়েন্স সামিট-এ বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। শ্রী শাহ বলেন, ভারত সরকার বিচার ব্যবস্থাকে জনকেন্দ্রিক ও বৈজ্ঞানিক করার চেষ্টা করছে। ন্যায়বিচার প্রার্থীরা যাতে সময়মতো ন্যায়বিচার পান তা নিশ্চিত করার জন্য সরকার কাজ করছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, দেশের ফৌজদারি বিচার ব্যবস্থাকে শক্তিশালী করতে ফরেনসিক বিজ্ঞান খুবই কার্যকর।

\*\*\*\*\*

## Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

##### Sound Byte #####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্ল্যাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এঁাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

## Sankranti-Naba Barsha:

আজ চৈত্র সংক্রান্তি । কাল বাংলা নববর্ষ। বাংলা ক্যালেন্ডার বর্ষ অনুযায়ী নব বর্ষ ১৪৩২। পয়লা বৈশাখে বাঙালির ঘরে ঘরে ও বাণিজ্যিক প্রতিষ্ঠানে

হবে পূজা ও উৎসবিক আনন্দে নানা উপাচার, চিরাচরিত খাদ্য সম্বারে  
ভোজ।....একটি প্রতিবেদন

#####Package Story#####

\*\*\*\*\*

### **Blind Committee Greetings:**

বাংলা নববর্ষ উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়ে[] অল ত্রিপুরা  
ব্লাইন্ড কমিটি। কমিটির তরফে নতুন ব[]রে সবার সুখ-সমৃদ্ধি কামনা  
করা হয়েছে।

\*\*\*\*\*

### **Charok Puja-North:**

ব[]রের শেষ চৈত্রের বিকেলে উত্তর জেলার বিভিন্ন জায়গায় আজ চড়ক  
পূজা ও মেলা অনুষ্ঠিত হলো। গোটা জেলা প্রস্তুত আগামীকাল বাংলা নতুন  
ব[]রকে স্বাগত জানাতে। বিভিন্ন ব্যবসায়িক প্রতিষ্ঠানে আগামীকাল হালখাতা  
ও গণেশ-গন্ধেশ্বরী পূজার আয়োজন করা হয়েছে। আগামীকাল সন্ধ্যায়  
ধর্মনগরের কালী দিঘির পাড়ে 'বৈশাখী বৈসু' সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন  
রয়েছে।

\*\*\*\*\*

### **Chaitra Sankranti:**

আজ চৈত্র সংক্রান্তির দিনে কৈলাশহরের নানাস্থানে চড়ক পূজা অনুষ্ঠিত  
হয়। এই উপলক্ষে মেলাও বসে। আগামীকাল নতুন ব[]রকে বরণ করার  
প্রস্তুতিপর্ব চলে। নতুন ব[]রের প্রথম দিনে আগামীকাল সন্ধ্যায় কৈলাশহর  
রামকৃষ্ণ মিশন আশ্রমে ধর্মীয় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন রয়েছে।

\*\*\*\*\*

## Partha Ghosh:

প্রয়াত হলেন আগরতলা দূরদর্শনের বার্তা বিভাগের প্রাক্তন প্রধান পার্থ ঘোষ। আজ সকাল সাড়ে সাতটা নাগাদ কলকাতার এক বেসরকারি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। বয়স হয়েছিল ষাট বছর। তিনি এক পুত্র ও স্ত্রী সহ অসংখ্য গুণমুগ্ধ ও সহকর্মীদের রেখে গেছেন।

প্রয়াত পার্থ ঘোষ আগরতলা দূরদর্শনের পাশাপাশি কলকাতা দূরদর্শনেরও বার্তা বিভাগের প্রধান হিসেবে কাজ করেছেন। বহু গুরুত্বপূর্ণ পদে কাজ করেছেন দিল্লি দূরদর্শনেও। এঁাড়াও আকাশবাণী কলকাতা, প্রেস ইনফরমেশন ব্যুরো, সেন্ট্রাল ব্যুরো অফ ফিল্ম সার্টিফিকেশন, সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশন সহ প্রসার ভারতীর নানা শাখায় গুরুত্বপূর্ণ পদে অত্যন্ত দক্ষতা ও সুনামের সঙ্গে কাজ করেছেন।

সংবাদ সম্পাদনার জগতে একজন স্থিতিধী, বিচক্ষণ ও দায়িত্বশীল সাংবাদিক হিসেবে তিনি বিশেষভাবে পরিচিত ছিলেন। তার চেয়েও বেশি পরিচিত ছিলেন সদালাপী, সদয় এবং অত্যন্ত পরোপকারী হিসেবে। পার্থ ঘোষ তাঁর সংবেদনশীল ও সহানুভূতিশীল ব্যক্তিত্বের উজ্জ্বলতায় সহকর্মীদের মধ্যে একটা বিশেষ স্থান করে নিয়েছিলেন।

১৯৮৬ সালে ইন্ডিয়ান ইনফরমেশন সার্ভিসে যোগদান করেছিলেন প্রয়াত পার্থ ঘোষ। ২০২৪-এর ৩১ ডিসেম্বর সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশনের নির্দেশক হিসেবে কলকাতায় অবসর গ্রহণ করেন।

পার্থ ঘোষের প্রয়াণে আগরতলা ও কলকাতার সাংবাদিক মহলে শোকের ঝাড়া নেমে এসেছে। তিনি কলকাতা প্রেস ক্লাবের সদস্য ছিলেন। কলকাতা প্রেস ক্লাবের পক্ষ থেকেও পার্থ ঘোষের প্রয়াণে গভীর শোক প্রকাশ করা হয়েছে।

\*\*\*\*\*

## Weather:

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের কিছু কিছু জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাণ্ডাকাণ্ড থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৬ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩.৮ ডিগ্রি সেলসিয়াস। আগামী বুধবার উত্তর জেলায় ভারী বর্ষণের সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দপ্তর সূত্রে জানা যায়।

\*\*\*\*\*

\*\*\*\*\*